১০৩

দৈনিক জনকণ্ঠ

তারিখ ১১ JAN 1998
পৃষ্ঠা ... কলাম ...

# রাজধানীর ২৪টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা শুরু

**স্টাফ রিপোর্টার** ॥ রাজধানীর ২৪টি সরকারী স্কুলে বিভিন্ন শ্রেণীতে প্রায় নয় হাজার আসনের জন্য চল্লিশ সহস্রাধিক ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে। শনিবার থেকে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। প্রথম দিনে গতকাল আটটি সরকারী স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ভর্তি পরীক্ষায় অংশ নেবার জন্য হাড়কাঁপানো শীত উপেক্ষা করে শিশু-কিশোররা অভিভাবকদের হাত ধরে বেরিয়ে পড়ে। প্রতিটি স্কুলের সামনে ছিল উদ্বিগ্ন অভিভাবকদের ভিড়। প্রচন্ড শীত উপেক্ষা করে, ক্রিকেট খেলা দেখা তুচ্ছ করে অভিভাবকদের দাঁড়িয়ে থাকতে দেখা যায় এসব স্কুলের সামনে। সবচেয়ে বেশি ভিড় ছিল গবর্নমেন্ট ল্যাবরেটরি স্কুলের সামনে।

এদিকে আজ রবিবার আরও আটটি সরকারী স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। স্কুলগুলো হচ্ছে গবর্নমেন্ট মুসলিম হাইস্কুল, ধানমন্ডি বালিকা উচ্চ বিদ্যালয়, বাংলাবাজার উচ্চ বিদ্যালয়, শেরেবাংলানগর বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ স্কুল শাখা ও আরমানিটোলা সরকারী হাইস্কুল। এসব স্কুল 'বি' গ্রুপের অন্তর্ভুক্ত।

'সি' গ্রুপের অন্তর্ভুক্ত আটটি স্কুলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামীকাল সোমবার। এ গ্রুপের স্কুলগুলো হচ্ছে ঢাকা কলেজিয়েট হাইস্কুল, ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারী হাইস্কুল, টিকাটুলি কামরুন্নেসা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি কামরুন্নেসা বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলানগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরকারী বালক উচ্চ বিদ্যালয়।




*সরকারী স্কুলে ভর্তি পরীক্ষার প্রথম দিনে একটি কেন্দ্রে ভিড়* — জনকণ্ঠ